

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৩৮

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে কাঁধের গোসত খেয়ে ওয়ূ করেননি, সেটা মেষের গোসত ছিল; উটের গোসত নয়- এই মর্মে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِأَنَّ الْكَتِفَ الَّذِي أَكَلَهُ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَمْ يَتَوَضَّأُ مِنْهُ كَانَ ذَلِكَ كَتِفَ شَاةٍ لَا كتف إبل

আরবী

1138 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ جَعْفَرِ بْنِ عَمْرِو بْنِ أَمْيَّةَ ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ جَعْفَرِ بْنِ عَمْرِو بْنِ أَمْيَّةَ الشَّهُ وَهُبِ وَسَلَّمَ يَحْتَزُ مِنْ كَتِفِ شَاةٍ الضَّمْرِيِّ عَنْ أَبِيهِ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَحْتَزُ مِنْ كَتِفِ شَاةٍ فَيَأْكُلُ مِنْهَا فَدُعي إِلَى الصَّلَاةِ فَقَامَ فَطَرَحَ السِّكِينَ فَصَلَّى وَلَمْ يَتَوَضَّا أَ.

قَالَ ابْنُ شِهَابٍ: وَحَدَّثَنِي عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ عَنْ أَبِيهِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِثْلَ ذَلِكَ.

الراوي: عَمْرو بْن أُمَيَّةَ الضَّمْرِيِّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1138 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১১৩৮. আমর বিন উমাইয়্যাহ আয যমরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি, তিনি একটি মেষের কাঁধের গোশত কেটে নিয়ে খেয়েছেন। তারপর তাঁকে সালাতের জন্য আহবান করা হলে তিনি দাঁড়িয়ে যান এবং চাকুটা রেখে দেন। অতঃপর তিনি সালাত আদায় করেন কিন্তু তিনি ওযু করেননি।"[1]

ইবনু শিহাব রহিমাহুল্লাহ বলেন, "আমাকে আলী বিন আব্দুল্লাহ বিন আব্দাস, তিনি তার বাবার সূত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে অনুরূপ হাদীস করেছেন "



ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৩৫৫; সুনান বাইহাকী: ১/১৫৪; মুসনাদ ইমাম শাফেঈ: ১/৩৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৩৪; হুমাইদী: ৮৯৮; আত তায়ালিসী: ১/৫৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৪৮; সহীহ বুখারী: ২৫৮; তিরমিযী: ১৮৩৬; দারেমী: ১/১৮৫; ইবনুল জারুদ: ২৩; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৬৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১১৩৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু উমাইয়াহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন